

# **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

### হাদিস নাম্বারঃ ৩১৬৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যেই হাদীস দিয়ে অনভিজ্ঞ ব্যক্তি এই মর্মে দলীল গ্রহণ করে যে, মুসলিমদের কর্তৃক মুশরিকদের কবর যিয়ারত করা বৈধ

ذِكْنُ خَبَرٍ قَدِ احْتَجَّ بِهِ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّ زِيَارَةَ الْمُسْلِمِينَ قُبُورَ المشركين جائزة

#### আরবী

3164 \_ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: أَخْبَرَنَا أَبُو بَكْرِ بْنُ خَلَّادٍ الْبَاهِلِيُّ وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَا: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ عَمْرِو بْنِ دِينَارٍ سمع جابر بن عبد اللَّهِ يَقُولُ: أُبِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْرَ عَبْدِ اللَّهِ بْنِ أَبُيِّ ابْنِ سَلُولٍ بَعْدَمَا أُدخل حُفْرَتَهُ فَأَمَرَ بِهِ فَأُخْرِج فَوَضَعَهُ عَلَى رُكْبَتِهِ وَنَفَتَ عَلَيْهِ مِنْ ريقه وألبسه قميصه والله أعلم

الراوي: جَابِر ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3164 | خلاصة حكم المحدث: صحيح \_ ((الأحكام)) (203).

#### বাংলা

৩১৬৪. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আব্দুল্লাহ বিন উবাই বিন সালূলকে কবরে প্রবেশ করানোর পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে আসেন। অতঃপর তিনি আদেশ করেন ফলে তাকে কবর থেকে বের করা হয়। তিনি তাকে তার হাঁটুর উপর রাখেন, তাকে তাঁর মুখের লালা লাগিয়ে দেন এবং তাঁর জামা তাকে পরিধান করিয়ে দেন। আল্লাহ সর্বাধিক জ্ঞাত।"[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১২৭০; সহীহ মুসলিম: ২৭৭৩; নাসাঈ: ৪/৩৭-৩৮।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন